

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯৬০

আগরতলা, ২৮ জানুয়ারি, ২০২৬

স্বাস্থ্য মন্ত্রকের দিশা কর্মসূচি নিয়ে আঞ্চলিক কর্মশালার উদ্বোধন



এইচআইভি/এইডস প্রতিরোধের উদ্দেশ্যে জেলাভিত্তিক সমন্বিত পরিকল্পনা রচনার লক্ষ্যে আজ থেকে তিন দিন ব্যাপী দিশা (ডিস্ট্রিক্ট ইন্টিগ্রেটেড স্ট্র্যাটেজি ফর এইচআইভি/এইডস) ইন-ডেপথ বিষয়ক এক প্রশিক্ষণ কর্মশালা শুরু হয়েছে। ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটির উদ্যোগে এই প্রশিক্ষণ কর্মশালায় অরুণাচল প্রদেশ, আসাম, মেঘালয়, সিকিম ও ত্রিপুরা—এই পাঁচটি রাজ্যের স্টেট এইডস কন্ট্রোল সোসাইটির আধিকারিকরা অংশগ্রহণ করছেন। এই গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডাঃ বিশাল কুমার। উদ্বোধনী ভাষণে তিনি বলেন, এই কর্মসূচিকে সফল করতে গেলে সামাজিক সচেতনতাকে গ্রাম স্তরে নিয়ে যেতে হবে। দ্রাগ ব্যবহারকারীদের ব্যবহারিক অভ্যাস পরিবর্তনের জন্য গুরুত্ব দিয়ে কাজ করতে হবে। তাদের শনাক্ত করে পুনর্বাসনের বিষয়ে নজর দিতে হবে। এইচআইভি/এইডস আক্রান্তদের দোরগোড়ায় চিকিৎসার জন্য অ্যান্টি রেট্রোভাইরাল থেরাপি পৌঁছে দেওয়ার গুরুত্ব সম্পর্কে অভিহিত করেন তিনি। এই প্রশিক্ষণ শিবিরে পরিকল্পনা প্রণয়নের উপর তিনি গুরুত্ব আরোপ করেন। এদিকে ত্রিপুরা রাজ্য জাতীয় স্বাস্থ্য মিশনের অধিকর্তা সাজু ওয়াহিদ এ, তাঁর বক্তব্যে বলেন, নেশা মুক্ত ভারত অভিযানের অঙ্গ হিসেবে নেশাসক্ত তরুণ-তরুণীদের নেশার করাল গ্রাস থেকে মুক্ত করে এইচআইভি/এইডস প্রতিহত করার চ্যালেঞ্জ গ্রহণ করতে হবে। দেশ ও সমাজের অগ্রগতির লক্ষ্যে তরুণ প্রজন্মকে রক্ষা করতে সকলের মিলিত প্রয়াস জরুরী। বিভিন্ন রাজ্যের আধিকারিকরা বিভিন্ন সমস্যা ও প্রতিকারের বিষয়ে মতবিনিময় করলে এই প্রশিক্ষণ শিবিরের উদ্দেশ্য পূরণ হবে বলে তিনি অভিমত ব্যক্ত করেন। এছাড়াও বক্তব্য রাখেন ফ্যামিলি হেলথ ইন্ডিয়া-এর টিম লিডার এস.কে.হরি কুমার,সিবি প্রজেক্ট, এফএইচ ইন্ডিয়া-এর ন্যাশনাল প্রোগ্রাম ম্যানেজার জিমরিভস কিরবকরন। এদিকে উক্ত অনুষ্ঠানে ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটির প্রকল্প অধিকর্তা ডঃ বিনীতা চাকমা আগামীদিনে ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটি রাজ্যে এইচআইভি/এইডস শনাক্তকরণের লক্ষ্যে আরো বেশিমানায় স্ক্রিনিং এর উপর জোর দেওয়া হচ্ছে বলে তাঁর বক্তব্যে জানান। এই লক্ষ্যে গত বছর যে ২ লক্ষ স্ক্রিনিং করা হয়েছিল তা বৃদ্ধি করে এই বছর ৪ লক্ষ স্ক্রিনিং করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। পাশাপাশি এইচআইভি/এইডস প্রতিরোধে রাজ্যব্যাপী ধারাবাহিকভাবে বিভিন্ন ধরনের জনসচেতনতামূলক কর্মকান্ড জারী রাখার জন্য প্রয়াস চালু রয়েছে বলে তিনি জানান।

উক্ত অনুষ্ঠানে ধন্যবাদ সূচক বক্তব্য রাখেন ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটির সহ প্রকল্প অধিকর্তা ডাঃ অমিত দেববর্মা। আজকের এই কর্মশালায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, জাতীয় স্বাস্থ্য মিশন, ত্রিপুরার সদস্য সচিব ডাঃ সৌভিক দেববর্মা। আজ তিন দিন ব্যাপী এই প্রশিক্ষণ কর্মশালাতে দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত প্রশিক্ষকরা উপস্থিত আধিকারিকদের এইচআইভি/এইডস প্রতিরোধ সংক্রান্ত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেন। আগামী ২৯ ও ৩০ জানুয়ারি সারাদিনব্যাপী এই প্রশিক্ষণ কর্মশালা চলবে। বক্তারা এই ধরনের অনুষ্ঠানের আয়োজন করার জন্য ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটির কর্মকর্তাদের ভূয়সী প্রশংসা করেন। উক্ত অনুষ্ঠানকে সুচারুভাবে সম্পন্ন করতে ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটির বিভিন্ন স্তরের কর্মীরা দায়িত্ব সহকারে অনুষ্ঠানটি পরিচালনা করছেন। স্বাস্থ্য দপ্তর থেকে এ সংবাদ জানানো হয়েছে।
